



বাংলাদেশ গ্যাস ফিন্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

পার্সোনেল শাখা



স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩৩.০৭.০০০.২০-২৩০

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৭

২৯ মে ২০২০

বিষয়: শর্তসাপেক্ষে কোম্পানির অফিসসমূহ নিজ ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলা রাখা সংক্রান্ত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর : ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.-১৩৮ তারিখ : ২৮.০৫.২০২০ এর মাধ্যমে করোনা ভাইরাসজনিত রোগ কভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার আগামী ৩১.০৫.২০২০ থেকে ১৫.০৬.২০২০ তারিখ পর্যন্ত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা আরোপ/সীমিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়া, আগামী ০৫.০৬.২০২০ ও ০৬.০৬.২০২০ এবং ১২.০৬.২০২০ ও ১৩.০৬.২০২০ তারিখের সাপ্তাহিক ছুটি এ নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত থাকবে।

এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপর্যুক্ত নির্দেশনা এবং দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব ও এর ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক গত ১১.০৫.২০২০ তারিখে জারিকৃত ১৩দফা নির্দেশনা কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণের অবহিতকরণ এবং অনুসরণ ও প্রতিপালন করার জন্য পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণ করা হলো।

২। বিষয়টি অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধ করা হলো।

২৯-৫-২০২০

এ.টি.এম. শাহ আলম

মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ গ্যাস ফিন্ডস্ কোম্পানী লিমিটেড
- ২) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
- ৩) উপ-মহাব্যবস্থাপক (সকল)/ব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩৩.০৭.০০০.২০-২৩০/১(৩)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৭

২৯ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান-এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ২) সহকারী ব্যবস্থাপক, প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ৩) পরিচালক-এর একান্ত সচিব, অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

২৯-৫-২০২০

এ.টি.এম. শাহ আলম

মহাব্যবস্থাপক (প্রশাসন)



নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৮

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৭  
২৮ মে ২০২০


### প্রজ্ঞাপন

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার আগামী ৩১ মে ২০২০ থেকে ১৫ জুন ২০২০ পর্যন্ত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা আরোপ/ সীমিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ৫, ৬, ১২ ও ১৩ জুন ২০২০ সাপ্তাহিক ছুটি এ নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত থাকবে।

২। উক্ত নিষেধাজ্ঞাকালীন সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত অফিসসমূহ নিজ ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলা থাকবে। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন। এক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য সর্বাবস্থায় মাস্ক পরিধানসহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত ১৩ দফা নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে।

৩। উক্ত নিষেধাজ্ঞাকালীন কর্মকর্তা-কর্মচারীগণ কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে


  
(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)  
উপসচিব

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৮(১০০)

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৭  
২৮ মে ২০২০

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব, ----- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৫। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৬। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৯। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
- ১১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ১৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৪। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল)।
- ১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

  
(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)  
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৬৫৫


তারিখ: ১১ মে, ২০২০ খ্রিস্টাব্দ  
২৮ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়: দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিত করণ

দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য সকল মন্ত্রণালয় ও অধিনস্থ দপ্তর/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যবিধি পালন নিশ্চিতকরণের নিমিত্ত সংযুক্ত স্বাস্থ্য বিধি বাস্তবায়নের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

সংযুক্ত বর্ণনামতে,

মন্ত্রিপরিষদ সচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


  
(খন্দকার জাকির হোসেন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
[admin1@hsd.gov.bd](mailto:admin1@hsd.gov.bd)

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৬৫৫

তারিখঃ ১১ মে, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (যোগ্যতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব/সচিব/ ভারপ্রাপ্ত সচিব,.....  
মন্ত্রণালয়/বিভাগ.....।
- ২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় কমিশনার,.....।
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৫। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইট প্রকাশের অনুরোধসহ)।
- ১০। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১১। লাইব্রেরিয়ান/হিসাবরক্ষণ কর্মকর্তা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
১১ মে, ২০২০  
(খন্দকার জাকির হোসেন)  
উপসচিব

## স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা:

- (১) প্রয়োজনীয় সংখ্যক জীবানুমুক্তকরণ ট্যাবলেট স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করা যেতে পারে।
- (২) অফিস চালু করার পূর্বে অবশ্যই প্রতিটি অফিস কক্ষ/আজিানা/রাস্তাঘাট জীবানুমুক্ত করতে হবে।
- (৩) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে প্রবেশ পথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের শরীরে তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করাতে হবে।
- (৪) অফিস পরিবহনসমূহ অবশ্যই শতভাগ জীবানুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় পারস্পারিক ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যানাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে।
- (৫) সার্জিক্যাল মাস্ক শুধু একবার (One time) হিসাবে ব্যবহার করা যাবে। কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা যাবে।
- (৬) যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- (৭) খাওয়ার সময় শারীরিক দূরত্ব (ন্যূনতম তিন ফুট) বজায় রাখতে হবে।
- (৮) প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।
- (৯) অফিসসমূহে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
- (১০) কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- (১১) কর্মকর্তা/কর্মচারীদের করোনা (COVID-19) প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধিসমূহ মেনে চলছে কিনা তা মনিটরিং করতে হবে। ডিজিটেল টিম এর মাধ্যমে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে হবে।
- (১২) দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা ঝুলিয়ে রাখতে হবে।
- (১৩) কোন কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশন/কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করতে হবে।

